যুগান্তর
প্রিন্ট: ১৩ আগস্ট ২০২৫, ১১:০৫ এএম

শিক্ষাঙ্গন

# মঙ্গলবার থেকে ডাকসুর নমিনেশন ফরম সংগ্রহ শুরু

যুগান্তর প্রতিবেদন
প্রকাশ: ১১ আগস্ট ২০২৫, ১০:২৮ পিএম




ফাইল ছবি

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) নির্বাচনের মনোনয়ন ফরম মঙ্গলবার (১২ আগস্ট) থেকে সংগ্রহ করা যাবে। এ কার্যক্রম চলবে ১৮ আগস্ট পর্যন্ত। প্রতিটি মনোনয়ন ফরমের ফি নির্ধারণ করা হয়েছে ৩০০ টাকা।

সোমবার (১১ আগস্ট) বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অফিস থেকে প্রকাশিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, নির্দিষ্ট সময়ের মধ্যে প্রার্থীরা সশরীরে উপস্থিত হয়ে সকাল ১০টা থেকে বিকাল ৪টা পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনের তৃতীয় তলায় অবস্থিত চিফ রিটার্নিং অফিসারের অফিস থেকে মনোনয়ন ফরম সংগ্রহ করতে পারবে। এবং ১৯ আগস্ট দুপুর ৩টার মধ্যে মনোনয়নপত্র দাখিল করতে হবে।

চিফ রিটার্নিং অফিসার অধ্যাপক ড. মোহাম্মদ জসীম উদ্দিন স্বাক্ষরিত বিজ্ঞপ্তিতে আরও বলা হয়, ডাকসু ও হল সংসদ আচরণ বিধিমালা ২০২৫ অনুযায়ী মনোনয়নপত্র সংগ্রহ ও জমাদানের সময় কোনো মিছিল বা শোভাযাত্রা করা যাবে না এবং পাঁচজনের বেশি সমর্থক নিয়ে মনোনয়নপত্র সংগ্রহ বা জমা দেওয়া যাবে না। প্রতিটি ডাকসুর মনোনয়ন ফরমের ফি ৩০০ (তিন শত) টাকা নির্ধারণ করা হয়েছে বলে বিজ্ঞপ্তিতে জানানো হয়।

এতে আরও বলা হয়, ডাকসু ও হল সংসদ নির্বাচন-২০২৫-এর চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশের পরও তালিকায় বহিষ্কৃত ও মামলায় অভিযুক্ত কোনো শিক্ষার্থীর নাম অন্তর্ভুক্ত থাকলে উপযুক্ত তথ্য-প্রমাণ পাওয়া সাপেক্ষে তার নাম ভোটার তালিকা থেকে বাদ দেওয়া হবে।